ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৩৬

আগরতলা,১২ সেপ্টেম্বর,২০২৫

**সি.টি.ভি.এস. অ্যান্ড আই.আর. ডিপার্টমেন্টের সাফল্য**

**এ.জি.এম.সি. অ্যান্ড জি.বি.পি. হাসপাতালে হার্টে ভাল্বের সফল প্রতিস্থাপন**



গত ২৫ আগস্ট ঊনকোটি জেলার কুমারঘাট এর জারুলছড়া অঞ্চলের ৫৬ বছর বয়সী এক ভদ্রমহিলার এ.জি.এম.সির, সি.টি.ভি.এস অ্যান্ড আই.আর ডিপার্টমেন্টে হার্টে ভাল্বের সফল প্রতিস্থাপন করা হয়। গত ২৯ জুলাই এই ভদ্রমহিলা ও.পি.ডিতে আসেন হার্টের অসুস্থতা নিয়ে। উনি বহির্রাজ্যেও ১৪-১৫ বছর যাবৎ চিকিৎসা করেছিলেন এবং চিকিৎসকরা উনার হার্টের ভাল্ব প্রতিস্থাপনের নির্দেশ দিয়েছিলেন। কিন্তু আর্থিক অসচ্ছলতার কারণে তিনি তা করতে পারেননি। ক্রমশ উনার শারীরিক অবস্থার আরও অবনতি হতে থাকে, শ্বাসকষ্ট হতে থাকে এবং কোনও কাজকর্ম করতে পারছিলেন না। সি.টি.ভি.এস অ্যান্ড আই.আর ডিপার্টমেন্ট থেকে হার্টের বিভিন্ন রকম পরীক্ষা-নিরীক্ষা করার পর দেখা গেল রোগীর হার্টের মহাধমনীর ভাল্বটি সম্পূর্ণরূপে নষ্ট হয়ে গেছে। প্রসঙ্গত উল্লেখ্য ওই ভদ্রমহিলার অ্যায়োর্টিক ভাল্ব-এ ক্যালসিয়াম জমে পাথর হয়ে গিয়েছিল তা এক্সরে তে ধরা পড়েছিল এবং ভাল্বটি সম্পূর্ণ অকেজো হয়ে যায়, ফলে উনার হার্টের ব্লাড পাম্প করার মত ক্ষমতা হারিয়ে ফেলে। এ.জি.এম.সি অ্যান্ড জি.বি.পি হাসপাতালের সিটিভিএস সার্জন ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্য রোগীর বাড়ির লোককে আশ্বাস দেন যে আয়ুষ্মান কার্ডের মাধ্যমে বিনামূল্যে অস্ত্রোপচার করা যাবে। সেই মতো রোগীর বাড়ির লোক চিন্তা ভাবনা করে অবশেষে ২১ আগস্ট ২০২৫ সি.টি.ভি.এস অ্যান্ড আই.আর ডিপার্টমেন্টে রোগীকে ভর্তি করান। তারপর সিদ্ধান্ত অনুযায়ী ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্যের নেতৃত্বে ১০ সদস্যের সি.টি.ভি.এস অ্যান্ড আই.আর ডিপার্টমেন্ট এর সার্জিক্যাল টিম ২৫ আগস্ট ২০২৫ সফলভাবে ওপেন হার্ট সার্জারির মাধ্যমে রোগীর ভাল্ব (টিস্যু) প্রতিস্থাপন করেন। অস্ত্রোপচারের পর রোগী সুস্থ আছেন এবং চিকিৎসায় সাড়া দিয়েছেন। তারপরও রোগীকে কিছুদিন আই.সি.ইউতে পর্যবেক্ষণে রাখা হয়েছিল।

২-এর পাতায়

বর্তমানে উনার শারীরিক অবস্থা ভালো। গত ১১ সেপ্টেম্বর রোগীকে হাসপাতাল থেকে ডিসচার্জ করা হয়েছে এবং প্রতি সপ্তাহে জিবিপি হাসপাতালে এসে চেক-আপ করার পরামর্শ দেয়া হয়েছে। এই জটিল অস্ত্রোপচারে এই রাজ্যে সম্পূর্ণ সরকারি সহায়তায় হওয়ায় রোগীর বাড়ির লোক খুবই খুশি এবং এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের চিকিৎসকদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। ডাঃ কনক নারায়ণ ভট্টাচার্যের নেতৃত্বে এই টিমে ছিলেন ডাঃ মণিময় দেববর্মা, ডাঃ সুরজিৎ পাল(ক্রিটিকাল কেয়ার), ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট সুদীপ্ত মন্ডল, ওটি অ্যাসিস্ট্যান্ট রতন মন্ডল, জয়দীপ চক্রবর্তী, অভিজিৎ রায়, পারফিউশনিস্ট সুজন সাহা, সৌরভ ত্রিপুরা, ওটি নার্স মৌসুমী দেবনাথ, অন্নবাহাদুর জমাতিয়া, সৌরভ শীল ও অর্পিতা সাহা। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****